

জলপ্রপাতের কাছে

জলপ্রপাতের কাছে বসে আছি পাথরে, উদাস
চতুর্দিকে ছায়াময় বনভূমি, টুকরো আকাশ

মেঘলা, বিষন্ন, স্তব্ধ, মনে হয় বৃষ্টি হতে পারে
ভাবামাত্র এসে গেল, মেঘ জমে মেঘের শরীরে

বাংলো ধূসর, দূরে সেইখানে সঙ্গীরা আমার....
কার্নিভাল, লাল মদ, ঢেলে ফের ভরেছে, আবার

ফেরত যাবো না ভাবি, হেঁটে চলি বনের গহনে
আমারও কি মৃত্যু হবে? হতে পারে ! চকিতে, এখানে।

জয়ন্তজয় চট্টোপাধ্যায়

